

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পানি সরবরাহ-৩ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৪.২০.০৮১.১৭.২৫

তারিখ: ২২ মাঘ ১৪২৫

০৪ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: ২০১৮-১৯ অর্থ বছরের অনুন্নয়ন রাজস্ব বাজেটে রাজশাহী ওয়াসার বরাদ্দকৃত বিভাজন অনুযায়ী
৩য় কিস্তির অর্থ ছাড়করণ।

সূত্র: রাজশাহী ওয়াসার স্মারক নং-৪৬.১৮.৮১০০.০০৩.০০.৩০.১৮-৩৪, তারিখ-১৬/০১/২০১৯।

স্থানীয় সরকার বিভাগের ২১/১০/২০১৮ তারিখের ৪৬.০০.০০০০.০৮৪.২০.০৮১.১৭-২৬৪নং সরকারি আদেশে অনুমোদিত আবর্তক অনুদান খাতের বরাদ্দকৃত বিভাজন অনুযায়ী রাজশাহী ওয়াসার অনুকূলে ২০১৮-১৯ অর্থ বছরে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ৩য় কিস্তির সর্বমোট ০৬(ছয়) কোটি টাকা ছাড়ের সরকারি অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করছিঃ

| অর্থনৈতিক গুপ/কোড | বিবরণ | মোট টাকা |
|-------------------|------------------------------|-------------------------------|
| ৩৬৩১১০১ | বেতন বাবদ সহায়তা | ৫৫,৩৭,০০০.০০ |
| ৩৬৩১১০২ | ভাতাদি বাবদ সহায়তা | ৫৬,৯৫,২৫০.০০ |
| ৩৬৩১১০৩ | পণ্য ও সেবা বাবদ সহায়তা | ৪,৫১,৫৩,৫০০.০০ |
| ৩৬৩১১০৭ | বিশেষ অনুদান | ২,০৭,৫০০.০০ |
| ৩৬৩১১৯৯ | অন্যান্য অনুদান | ৩৪,০৬,৭৫০.০০ |
| | ৩য় কিস্তিতে অবমুক্ত সর্বমোট | ৬,০০,০০,০০০.০০(ছয় কোটি টাকা) |

- এ ব্যয় ২০১৮-১৯ অর্থ বছরের বাজেটের ১৩৭০৫-১৩৩০০১৯০০-৩৬৩১ কোডভুক্ত আবর্তক অনুদান খাত হতে মিটানো হবে;
- এ বিভাগ কর্তৃক প্রতি স্বাক্ষরিত বিলের মাধ্যমে এ অর্থ ওয়াসার পক্ষে রাজশাহী ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক উত্তোলন করবেন;
- বিভাজন অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন। অনুমোদিত বিভাজনের এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০১৯ এর মধ্যে সমর্পণ করতে হবে;
- পরবর্তী অর্থ অবমুক্তির সময় বিস্তারিত ব্যয় বিবরণী দাখিল করতে হবে।

১৮-২-২০১৯

মোহাম্মদ সামছুল হক

উপসচিব

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, হিসাব
ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বাজেট-১১ শাখা, অর্থ বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৪.২০.০৮১.১৭.২৫/১

তারিখ: ২২ মাঘ ১৪২৫

০৪ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, অর্থ বিভাগ
- ২) ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
- ৩) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী।
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সংশ্লিষ্ট নথি।



১৮-২-২০১৯

মোহাম্মদ সামছুল হক
উপসচিব